



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/8/2021

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল ঘোষণা করেছেন যে ক্রান্তীয় ঝড় ফ্রেড দ্বারা ক্ষতিগ্রস্ত সম্প্রদায়ের জন্য একটি প্রধান বিপর্যয় হিসেবে ঘোষণার করার জন্য ফেডারেল অনুমোদন পাওয়া গেছে

সরকারি মালিকানাধীন ফ্যাসিলিটি ও অবকাঠামো পুনর্গঠনে সাহায্যের জন্য অ্যালাগানি, ক্যাইয়ুগা, কটল্যান্ড, লিউইস, ওনিডা, স্টিউবেন, টিওগা এবং ইয়েটস কাউন্টি পাবলিক অ্যাসিস্টেন্সের উপযুক্ত হয়েছে

গভর্নর স্টিউবেন কাউন্টির জন্য ইন্ডিভিজুয়াল অ্যাসিস্টেন্সের অনুরোধের অনুমোদন প্রদানে FEMA কে আহ্বান করেছেন

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেছেন যে রাষ্ট্রপতি বাইডেন আটটি কাউন্টির জন্য প্রধান বিপর্যয় হিসেবে ঘোষণার জন্য তার অনুরোধের অনুমোদন দিয়েছেন যা মধ্য-আগস্টের ক্রান্তি ঝড় ফ্রেডের কারণে হওয়া বন্যার ক্ষয়ক্ষতি কাটিয়ে উঠতে স্থানীয় সরকারগুলিকে ফেডারেল ত্রাণ প্রদান করবে। ঘোষণাটি অ্যালাগানি, ক্যাইয়ুগা, কটল্যান্ড, লিউইস, ওনেইডা, স্টিউবেন, টিওগা এবং ইয়েটস কাউন্টির মিউনিসিপ্যালিটিগুলির জন্য, যেখানে সরকারি মালিকানাধীন অবকাঠামো ও ফ্যাসিলিটির মোট 36.2 মিলিয়ন মার্কিন ডলারের বেশি ক্ষতি হয়েছে বলে রিপোর্ট করা হয়েছে, পাবলিক অ্যাসিস্টেন্স প্রদান করবে।

এই গ্রীষ্মকালের একাধিক ঝড়ে স্টেটের যে ক্ষতি হয়েছে তার ফলে তাদের যে ত্রাণ প্রয়োজন, নিউ ইয়র্কবাসীরা যাতে তা পায় এটি নিশ্চিত করতে গভর্নর হোকল FEMA এবং ফেডারেল, স্টেট ও স্থানীয় অংশীদারদের সাথে কাজ করা অব্যাহত রেখেছেন।

"আমাদের স্টেটের কর্মীরা যারা ক্ষতিগ্রস্ত এলাকায় ক্ষয়ক্ষতি মূল্যায়নের জন্য স্থানীয় কর্মকর্তা ও ফেডারেল ইমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সির FEMA এর সাথে কাজ করেছেন, তাদের নিবেদনের কল্যাণে এখন বহু আপস্টেট সম্প্রদায় অতি-প্রয়োজনীয় ফেডারেল সহায়তা পাওয়ার জন্য উপযুক্ত হয়েছে," **গভর্নর হোকল বলেন।** "নিউ ইয়র্কবাসীদের পুনর্গঠনে সাহায্য করতে রাষ্ট্রপতি বাইডেনের সমর্থন ও ফেডারেল সরকারের এগিয়ে আসার জন্য আমি কৃতজ্ঞ। স্টিউবেন কাউন্টি যাতে বাড়ির মালিকদের জন্য ইন্ডিভিজুয়াল অ্যাসিস্টেন্সসহ পুনরুদ্ধারের প্রয়োজনীয় রিসোর্স লাভ করে তার জন্য প্রশাসনের সাথে কাজ চালিয়ে যেতে আমি উন্মুখ।"

সরকারি সহায়তাসহ একটি গুরুতর দুর্ভোগ ঘোষণার ফলে স্থানীয় সম্প্রদায়গুলি ফেডারেল সরকারের আর্থিক সহায়তা পায় যাতে করে তারা বন্যা-সম্পর্কিত ক্ষয়ক্ষতি থেকে সঠিকভাবে পুনরুদ্ধার করতে পারে। FEMA-এর পাবলিক অ্যাসিস্টেন্স প্রোগ্রামের মাধ্যমে রাশি অপসারণ,

জরুরি সুরক্ষামূলক ব্যবস্থা, এবং সরকারি-মালিকানার অবকাঠামো যেমন রাস্তা, পাবলিক স্কুল, সেতু, পার্ক, হাসপাতাল, পুলিশ স্টেশন, দমকল, পানি ও বর্জ্য পানির ট্রিটমেন্ট ফ্যাসিলিটি ও অন্যান্য সরকারি ফ্যাসিলিটির মেরামত ও পুনর্নির্মাণ কাজের জন্য ক্ষতিপূরণ পাওয়া যাবে।

ফেডারেল বিপর্যয় ঘোষণা জারি ফলে স্টেটের হোমল্যান্ড সিকিউরিটি এবং ইমার্জেন্সি সার্ভিসেস বিভাগ, পাবলিক অ্যাসিস্টেন্স প্রোগ্রামের মাধ্যমে ক্ষতিপূরণের আবেদনের জন্য পুনরুদ্ধার প্রকল্পগুলো শনাক্ত করতে স্থানীয় অংশীদারদের সাথে কাজ করবে। FEMA এরপরে প্রকল্পগুলোর উপযুক্ততা পর্যালোচনা করবে এবং যথাযথভাবে প্রকল্পগুলির পরিসর দেখতে ও প্রকল্প সংযুক্ত করতে বিভাগ এবং স্থানীয় কর্মকর্তাদের সাথে ঘটনাস্থল পরিদর্শন করবে। একবার প্রকল্প শনাক্ত ও প্রাথমিক ঘটনাস্থল পরিদর্শন সম্পন্ন হলে, FEMA, বিভাগীয় কর্মী এবং স্থানীয়রা প্রকল্পের ওয়ার্কশিট তৈরি করবে যেখানে ক্ষতির বিবরণ, কাজের পরিসর ও আনুমানিক খরচ থাকবে। FEMA-র চূড়ান্ত উপযুক্ততা পর্যালোচনার পর, প্রকল্পটি নিশ্চিতভাবে তহবিল পাবে।

সিটিউবেন কাউন্টির বাড়ির মালিকদের ইন্ডিভিজুয়াল অ্যাসিস্টেন্স প্রোগ্রামের অধীনে সমর্থন করতে অর্থায়নের জন্য অনুরোধের ব্যাপারে ফেডারেল সরকার এখনো কোনো সিদ্ধান্ত নেয়নি। গভর্নর হোকল সিটিউবেন কাউন্টির জন্য প্রয়োজনীয় রিসোর্স পাওয়ার আগপর্যন্ত অনুরোধটি নবায়ন করতে থাকবেন।

18 আগস্ট, বুধবার সন্ধ্যায় এবং রাতে ব্যাপক অকস্মাৎ বন্যার ঘটনা ঘটে, বিশেষ করে সিটিউবেন কাউন্টির বিভিন্ন অংশে, যার ফলে একাধিক পানি থেকে উদ্ধার ও অপসারণের ঘটনা ঘটেছে। ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজারভেশনের (Department of Environmental Conservation, DEC) সুইফট ওয়াটার রেসকিউ (Swift Water Rescue) দল, স্টেট পুলিশ, এবং অফিস অফ ফায়ার প্রিভেনশন অ্যান্ড কন্ট্রলের (Office of Fire Prevention and Control) কর্মীরা ছয়টি ভিন্ন মিউনিসিপ্যালিটিতে একাধিক বন্যা কবলিত বাড়িতে সাহায্য করতে যান। যেহেতু বন্যার পানি বাড়ি ও সম্পত্তিকে হুমকিগ্রস্ত করেছিল, অপসারিত ব্যক্তিদের বিভিন্ন অবস্থানে আশ্রয় প্রদান করা হয়, এবং বন্যার কারণে স্টেটের দশটি রাজপথ বন্ধ ছিলো এবং সম্ভবত ক্ষতিগ্রস্ত হয়েছে।

ঝড়ের পর, হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেসের নিউ ইয়র্ক স্টেট ডিভিশন (New York State Division of Homeland Security and Emergency Services, DHSSES) ফেডারেল দুর্ভোগের সাহায্যের আবেদন করার জন্য ক্ষতির মূল্যায়ন করতে বিশেষজ্ঞ মোতায়েন করেছে। প্রাথমিক ক্ষতির মূল্যায়ন শেষ হওয়ার পর ফেডারেল দিক থেকে পর্যালোচনা ত্বরান্বিত করতে স্টেট পুরো প্রক্রিয়া চলাকালীন FEMA ও স্থানীয় অংশীদারদের সাথে সর্বদা যোগাযোগ রেখেছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবক্ষাইব করুন](#)